



দক্ষিণের দর্পন

তৃতীয় সংখ্যা



“বাংলার টানে বাঙ্গালীর অর্পণ,

দক্ষিণের দর্পন”

দক্ষিণের দর্পন বার্তা



মুখ্য উপদেষ্টার কলমে

দক্ষিণ ভারতের চেন্নাই এর কথা এলেই বাঙালির মনে পড়ে CMC, Apollo বা Sankara nethralaya এর কথা, কিন্তু একথা হয়তো অনেকের ই অজানা যে চেন্নাই তে বেঙ্গল এসোসিয়েশান বহুকাল ধরে বাঙালির ভাবধারাকে গতিশীল করে রেখেছে, প্রবাসে ও বাঙালিকে মাতিয়ে রেখেছে, তাদের এক সূত্রে বেঁধে রেখেছে বাঙালি সংস্কারের বন্ধনে।

বাংলা বাঙালির নাড়ীর টান, তার ভাব আবেককে প্রকাশ করার এক অনুভূতিশীল মাধ্যম, কিন্তু সময়ের বিবর্তনের সাথে সাথে আমরা যেন কোথায় আমাদের মাতৃভাষাকে আজ হারিয়ে ফেলতে চলেছি। আজকের এই ডিজিটাল মাধ্যমের যুগে আমরা প্রায় লিখতে ভুলে গেছি, এই প্রসঙ্গে নচিকেতার একটি গানের লাইন আজ বার বার মনে হচ্ছে,



এমন কিছু অনভূতি, যাদের গতি প্রকৃতি
না না ফেসবুকে শেয়ার করা যায় না

যতই ডিজিটাল মাধ্যমের জোয়ার আসুক, মাতৃভাষায় নিজের মনের ভাবকে যেভাবে প্রকাশ করা যায় তা অন্য কোনো মাধ্যমে অসম্ভব, বাংলা আমাদের মাতৃভাষা, বাংলা ভাষার কোনো বিকল্প নেই, তাই যুগে যুগে বাঙালির সুখ দুঃখ ভালোবাসা, প্রকৃতির রূপ যখন বাংলা ভাষায় প্রকাশিত হয়েছে, তা এক অনবদ্য কাব্য সাহিত্যিক রূপ পেয়েছে, ওই ভাষাতেই নোবেল এসেছে, তৈরী হয়েছে অস্কার জয়ী পথের পাঁচালি, সেই বাংলা ভাষাকে নিয়ে বেঙ্গল এসোসিয়েশান এর একটি অসামান্য প্রয়াস "দক্ষিণের দর্পন", দক্ষিণী বাঙালির মুখ দেখার আয়না।

কুহেলি সমাচ্ছন্ন শরতের শিউলি ভেজা সকালের বায়ুপ্রবাহের মাঝে ভূগর্ভ উত্তোলিত স্ফটিক স্বচ্ছ জলধারা যখন ফলহীন পান্ডুর মরুক্ষেত্রে প্রোথিত নিবার কিশলয়ের রক্তে রক্তে প্রাণ স্পন্দনের পুলক সৃষ্টিতে সদানিরত, দশপ্রহরধারিনীর আগমনী বার্তা, খুশির হাওয়ায় মুখরিত আকাশবাতাস, সেই বাতায়নে আমাদের এবারের "দক্ষিণের দর্পনের" আর একবার বহিঃপ্রকাশ, আমি দক্ষিণের দর্পনের মুখ্য উপদেষ্টা হিসেবে নিজেকে অনেক গর্বিত মনে করছি এমন একটি সৃষ্টিশীল কাজে নিজেকে নিয়োজিত করতে পেরে।

এবার আমরা দক্ষিণের দর্পনের ই-সংস্করণ প্রকাশ করতে চলেছি যাতে দক্ষিণের দর্পন ছড়িয়ে পড়তে পারে দেশ তথা পৃথিবীর কোনে কোনে। দক্ষিণের দর্পনের সমস্ত সদস্যবৃন্দকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা এমন একটি অভিনব প্রয়াসের জন্য। ভারতবর্ষ বৈচিত্রের দেশ, বৈচিত্রময় আমাদের মাতৃভূমি বাংলা ও, তার যেন সঠিক সমাহার এই দক্ষিণের দর্পনে, কত বৈচিত্রময় ভাবনার লেখনী দিয়ে সেজে উঠেছে আমাদের এই পত্রিকা, আপনাদের সার্বিক সহযোগিতা আর চেষ্টায় আমরা অনেক এগিয়ে নিয়ে যাবো এই পত্রিকাকে, এই দক্ষিণের দর্পনের ডানায় ভর করে আমরা বাংলাভাষাকে দেব এক বিশ্বব্যাপী বিস্তার, এগিয়ে চলুক বাঙালির ভাষা, দক্ষিণের দর্পনের আয়নায় ভেসে উঠুক হাজার বাঙালির ভাবনা, বাঙালির সংস্কার, বাংলার মুখ।

ডঃ জোতির্ময় বিশ্বাস

মুখ্য উপদেষ্টা, দক্ষিণের দর্পন

বেঙ্গল এসোসিয়েশান, চেন্নাই

